

আপনি কেটেচে আপনার মূল,
না জানে সাঁতার, নাহি পায় কূল,
প্রোতে যায় ভেসে, ডোবে বুঝি শেষে,
করে দিবানিশি টলমল ॥

আমি কোথা যাব, কাহারে শুধাব,
নিয়ে যায় সবে টানিয়া ।
একেলা আমারে ফেলে যাবে শেষে
অকূল পাথারে আনিয়া ।

সুজদের তরে চাই চারি ধারে,
গাঁথি করিতেছে চলচল ;
আপনার ভারে মরি যে আপনি,
কঁাপিছে হৃদয় ভানবল ।

দুখ দিয়েচ, দিয়েচ ক্ষতি নাই,
কেন গো একেলা ফেলে রাখ' ?
ডেকে নিলে, ছিল যারা কাছে,
তুমি তবে কাছে কাছে থাক' ॥

প্রাণ কারো সাড়া নাহি পায়,
রবি শশী দেখা নাহি যায়,
এ পথে চলে যে অসহায়—
তা'রে তুমি ডাক, প্রভু, ডাক ॥

গান

সংসারের আলো নিভাইলে,
বিষাদের আঁধার ঘনায়,
দেখাও তোমার বাতায়নে
চির-আলো জ্বলিছে কোথায় ।
শুষ্ক নিৰ্ব্বারের ধারে রই,
পিপাসিত প্রাণ কাঁদে ওই,
অসীম প্রেমের উৎস কই,
আমারে তৃষিত রেখো না ক' ॥

নিত্য নব সত্য তব শুভ্র আলোকময়,
পরিপূর্ণ জ্ঞানময়,
কবে হবে বিভাসিত মম চিত্ত-আকাশে ॥
রয়েচি বসি দীর্ঘ নিশি চাহিয়া উদয় দিশি,
উর্দ্ধমুখে করপুটে,
নব স্মৃথ, নব প্রাণ, নব দিবা আশে ॥
কি দেখিব, কি জানিব, না জানি সে কি আনন্দ,
নূতন আলোক আপন মন মাঝে ।
সে আলোকে মহাস্মৃথে আপন আলয়মুখে
চলে' যাব গান গাহি,
কে রহিবে আর দূর পরবাসে ॥
